# রেফারী কমিশন নীতিমালা

বাংলাদেশ কারাতে ফেডারেশন

BANGLADESH KARATE FEDERATION

## ১. সাধারণ প্রবিধান

১.১ রেফারী কমিশন ১১ জন সদস্যের সমন্বয়ে World Karate ফেডারেশনের WKF Referee Commission Working Rules এর নীতিমালার আলোকে গঠিত হবে। কমিশন একজন চেয়ারম্যান, একজন সেক্রেটারী, একজন এসিসটেন্ট সেক্রেটারী এবং ৮ জন সদস্য নিয়ে গঠিত হবে। সাধারণভাবে কাতা ও কুমিতে উভয় বিভাগে WKF/AKF লাইসেন্সধারীদের মাঝ থেকে ৬ জন ও বাংলাদেশ কারাতে ফেডারেশনের গ্রেড A লাইসেন্সধারীদের মাঝ থেকে ৫ জনকে মনোনয়ন দিয়ে বাংলাদেশ কারাতে ফেডারেশনের রেফারী কমিশন গঠিত হবে। উপযুক্ত সংখ্যক WKF/AKF এর লাইসেন্সড রেফারী মনোনয়ন দেয়া না গেলে সেক্ষেত্রে বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্বাহী কমিটি বাংলাদেশ কারাতে ফেডারেশনের গ্রেড A লাইসেন্সভূক্ত ব্যক্তি/ব্যক্তিদের কমিশনে মনোনয়ন দিতে পারবে। নির্বাহী কমিটি রেফারী কমিশনের নিরপেক্ষতা ও কর্মদক্ষতা বৃদ্ধির সুবির্ধাথে অতিরিক্ত সদস্য নিয়োগ দিতে পারবে।

১.২ রেফারী কমিশনে দায়িত্বরত কোন ব্যক্তি বাংলাদেশ কারাতে ফেডারেশনের পরিচালিত কোন চ্যাম্পিয়নশীপে কোন দলের কোচের দায়িত্ব পালন করতে পারবে না। এই নিয়মের ব্যতিক্রম ঘটলে উক্ত ব্যক্তিকে রেফারী কমিশনের দায়িত্ব থেকে অব্যাহতি দিতে হবে।

## ২. ক্ষমতা ও কর্তৃত্ব

২.১ রেফারী কমিশনের নিম্নলিখিত ক্ষমতা থাকবে :

- রেফারী কমিশন বাংলাদেশ কারাতে ফেডারেশনের রেফারীদের গ্রেডেশন পরীক্ষার নেয়ার ক্ষমতা রাখবে।
- পরীক্ষিত রেফারীদের মূল্যায়ন ও সে অনুযায়ী গ্রেডেশন সার্টিফিকেট দেয়ার ক্ষমতা থাকবে।
- বাংলাদেশ কারাতে ফেডারেশনের আয়োজিত সকল টুর্ণামেন্টে রেফারী নিয়োগ করবে।
- বাংলাদেশ কারাতে ফেডারেশনের অনুমোদিত অন্যান্য টুর্ণামেন্টে প্রয়োজনীয় রেফারী বা পর্যবেক্ষক নিয়োগ করবে।
- বাংলাদেশ কারাতে ফেডারেশনের আয়োজিত সকল টুর্ণামেন্টে WKF নীতিমালার আলোকে বিধি উপবিধি প্রনয়নে নির্বাহী কমিটিকে তাদের মতামত প্রদান করবে।
- সর্বাববস্থায় WKF এর Competition Rules এর বিভিন্ন Articles এবং তৎসংশ্লিষ্ট Explanation ও Appendix এর ব্যাখ্যা প্রদানের একমাত্র এখতিয়ার রাখবে।
- বাংলাদেশ কারাতে ফেডারেশনের তালিকাভূক্ত রেফারীদের প্রতিবছর গ্রেডেশন মূল্যায়নের ব্যবস্থা করবে।
- নির্বাহী কমিটির অনুমোদনক্রমে প্রয়োজনীয় রেফারী সেমিনার,ট্রেনিং,সিম্পোজিয়াম আয়োজন করবে।

২.২ বাংলাদেশ কারাতে ফেডারেশন আয়োজিত সকল চ্যাম্পিয়ানশীপে বাংলাদেশ কারাতে ফেডারেশনের তালিকাভূক্ত রেফারীদের সম্পাদিত বিচারকার্যের নিরীক্ষণ ও মূল্যায়ন করবে।

২.৩ কোন রেফারীর কর্মকান্ডের ব্যাপারে বা বিচার প্রক্রিয়ার ও রেফারীং রুলসের প্রয়োগের ব্যাপারে কোন অভিযোগ উথ্থাপিত হলে রেফারী কমিশনের উক্ত অভিযোগের ব্যাপারে তদন্ত করবে এবং পরবর্তী টুর্ণামেন্ট সমূহে তার পারফরমেন্স নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে।

২.৪ অভিযুক্ত রেফারীর ব্যাপারে যেকোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার একমাত্র এখতিয়ার আছে রেফারী কমিশনের। যেকোন অভিযুক্ত রেফারীর ব্যাপারে রেফারী কমিশন নিম্নলিখিত ব্যবস্থাগ্রহণ করতে পারবে:

ক) পুনরায় পরীক্ষণ দিতে আদেশ প্রদান

খ) বাধ্যতামূলকভাবে সুনির্দিষ্ট সংখ্যক রেফারী কোর্সে অংশগ্রহণ

গ) সর্বোচ্চ দুই বছর পর্যন্ত সাসপেনশন

২.৫ নির্বাহী কমিটির অনুমতিক্রমে WKF Karate Competition Rules এর কোন পরিবর্তন আসলে তার উপর

রেফারী সেমিনার আয়োজন করা।

## ৩. অফিসিয়াল ইউনির্ফম

৩.১ অফিসিয়াল ইউনির্ফম হবে নিম্নরুপ :

- নেভী ব্লু ব্লেজার
- হাফ হাতা সাদা শার্ট
- অফিসিয়াল টাই, টাইপিন ব্যাতীত
- কালো বাঁশি
- বাঁশি ঝুলানোর জন্য সাদা কার্ড
- হালকা ধূসর রং এর একরকম ট্রাউজার যেটির পা এ ভাজ করা বর্ডার থাকতে পারবে না।
- এক রকম কালো বা গাঢ় নীল মৌজা এবং ম্যাটে পরিধান করার জন্য কালো সমতল Flat জুতা।

৩.২ রেফারী কমিশনের তালিকাভূক্ত বাংলাদেশ কারাতে ফেডারেশনের Referee দের নিম্নলিখিত ক্ষেত্র সমূহ সর্বাবস্থায় অফিসিয়াল ইউনির্ফম পরিধান করে থাকতে হবে :

- সকল চ্যাম্পিয়নশীপে (বাংলাদেশ কারাতে ফেডারেশন কর্তৃক আয়োজিত হোক বা না হোক) যেখানে রেফারী হিসেবে দায়িত্ব পালন করবে।
- সকল রেফারী মিটিং এ
- সকল রেফারী কোর্সে
- সকল রেফারী সেমিনারে
- চ্যাম্পিয়নশীপ পূর্ববর্তী রেফারী ব্রিফিংয়ে

৩.৩ বাংলাদেশ গেমস সহ কোন বিশেষ ক্রীড়া প্রতিযোগীতার জন্য রেফারী/ অফিশিয়ালদের কোন ভিন্ন ইউনির্ফম নির্ধারিত হলে তা উক্ত ইভেন্টের জন্য অনুমোদিত ইউনির্ফম হিসেবে বিবেচিত হবে।

## ৪. লাইসেন্স ও গ্রেডেশন

৪.১ বাংলাদেশ কারাতে ফেডারেশনের রেফারী কমিশন নিম্নলিখিত রেফারী লাইসেন্স ইস্যু করতে পারবে :

ক. Kata Judge B
Kata Judge A

খ. Kumite Judge B
Kumite Judge A
Kumite Referee B
Kumite Referee A

গ. Karate Referee (একই সাথে Kumite Referee A এবং Kata Judge A পাস)

ঘ. Tatami Manager (Karate Referee হিসেবে নূন্যতম ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।)

ব্যাখ্যা :

বাংলাদেশ কারাতে ফেডারেশনের রেফারী কমিশন উপযুক্ত সংখ্যক লাইসেন্সড রেফারী এবং উপরোক্ত শর্তাবলী পূরণ হবার মত উপযুক্ত সংখ্যক লাইসেন্সড রেফারি না হওয়া পর্যন্ত কমিশন চেয়ারম্যানের অনুমতিক্রমে রেফারিদের লাইসেন্সের অপ্রতুলতাকে সমন্বয় করে রেফারি কমিশনের কার্যক্রম চালিয়ে যেতে পারবে।

৪.২ বাংলাদেশ কারাতে ফেডারেশনের রেফারী লাইসেন্স নিম্ন নিম্নলিখিত শর্ত পালন সাপেক্ষে বৈধ ও নবায়নযোগ্য থাকবেঃ

ক) বছরের নূন্যতম একবার বাংলাদেশ কারাতে ফেডারেশনের Referee Course এ অংশগ্রহন করতে হবে।

খ) দু বছরে অন্তত একবার বাংলাদেশ কারাতে ফেডারেশনের এর কোন অফিসিয়াল চ্যাম্পিয়নশীপে রেফারি/জাজ/টেবিল অফিসিয়াল হিসেবে দায়িত্ব পালন করতে হবে। এ উক্ত চ্যাম্পিয়নশীপের পূর্ববর্তী রেফারি কোর্সে (যদি অনুষ্ঠিত হয়) অংশ নিতে হবে।

গ) প্রতি দু'বছরে একবার বাংলাদেশ কারাতে ফেডারেশনের রেফারী কমিশনের লিখিত পরীক্ষায় পাস করতে হবে। পূর্ববর্তী ক এবং খ শর্তপূরণ হয়ে থাকলে প্র্যাকটিক্যাল পরীক্ষায় অংশগ্রহণ করার প্রয়োজন নেই।

ঘ) কোন অভিযোগ থাকলে সেই অভিযোগের ভিত্তিতে রেফারী কমিশন কর্তৃক আরোপিত শর্ত/শর্তসমূহ পূরণ করলে।

ঙ) বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত লাইসেন্স ফি পরিশোধ করলে

৪.৩ লাইসেন্সড রেফারীগণ পরীক্ষায় কৃতকার্য হলে নিম্নলিখিত সামগ্রী রেফারী কমিশন সেক্রেটারীর নিকট থেকে সংগ্রহ করবে :

ক) অফিসিয়াল ব্যাজ

খ) অফিসিয়াল টাই

গ) লাইসেন্স রেকর্ড বুক

ঘ) গ্রেডেশন সার্টিফিকেট

## ৫. রেফারী কোর্স ও পরীক্ষা

৫.১ রেফারী কমিশন বাংলাদেশ কারাতে ফেডারেশনের আয়োজিত সকল চ্যাম্পিয়নশীপের আগে রেফারী সেমিনার আয়োজন করবে।

৫.২ রেফারী কমিশন রেফারী লাইসেন্সিং পরীক্ষার বাৎসরিক সূচী প্রণয়ন করবে এবং সে অনুযায়ী গ্রেডেশন পরীক্ষার ব্যবস্থা করবে।

৫.৩ সকল রেফারী কোর্স এবং পরীক্ষার ভেন্যু, বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্বাহী কমিটির সাধারণ সম্পাদকের পরামর্শক্রমে নির্ধারিত হবে।

৫.৪ সকল রেফারী কোর্স এবং পরীক্ষা আয়োজিত হবে বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্বাহী কমিটির আয়োজনে। বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্বাহী কমিটির অনুমোদনক্রমে যেকোন সংস্থা রেফারী কমিশনের নিকট রেফারী কোর্স এবং পরীক্ষা আয়োজনের আয়োজক হতে পারবে।

৫.৫ রেফারী কোর্স এবং পরীক্ষার ভেন্যু অবশ্যই রেফারী কমিশনের ২জন প্রতিনিধি কর্তৃক পরিদর্শন পূর্বক রেফারী কমিশন কর্তৃক অনুমোদিত হতে হবে।

৫.৬ রেফারী কোর্স এবং পরীক্ষার জন্য নিম্নলিখিত সুযোগ সুবিধা বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্বাহী কমিটি বা আয়োজক সংস্থা কর্তৃক ব্যবস্থা করতে হবে :

- প্রজেক্টর এবং উন্নত সাউন্ড সিস্টেম
- কোর্স এবং পরীক্ষায় অংশগ্রহণকারীদের বসার জন্য উপযুক্ত সংখ্যক চেয়ার

- লিখিত পরীক্ষার জন্য উপযুক্ত সংখ্যক টেবিল
- কম্পিউটার ও প্রিন্টার
- প্রয়োজনীয় স্টেশনারী
- পরীক্ষার জন্য নূন্যতম দুটো কারাতে ম্যাট, স্টপওয়াচ,আকা/আও বেল্ট,ফ্ল্যাগ এবং স্কোর বোর্ড
- রেফারী পরীক্ষার জন্য নূন্যতম ১৬ জন ভালো মানের খেলোয়াড় যাদের বয়স অনূন্য ১৮ বছর।

রেফারী কমিশন সেক্রেটারী উপরোক্ত বিষয়গুলো বাংলাদেশ কারাতে ফেডারেশনের সাধারণ সম্পাদকের সাথে সমন্বয় করে তালিকাবদ্ধ করে বুঝে নিবে।

৫.৭ রেফারী কমিশন গ্রেডেশন পরীক্ষার মূল্যায়ন করবে লিখিত ও প্র্যাকটিক্যাল পরীক্ষার ফলাফলের উপর ভিত্তি করে। পরীক্ষার মোট নম্বর, পাস নম্বর, প্রশ্নপত্র এবং প্র্যাকটিক্যাল পরীক্ষার পদ্ধতি সময়ে সময়ে রেফারী কমিশনের সভার মাধ্যমে নির্ধারিত হবে।

৫.৮ গ্রেডেশন পরীক্ষা শেষে রেফারী কমিশন সেক্রেটারী প্রত্যেক অকৃতকার্য পরীক্ষার্থীর নিকট একটি মূল্যায়ন ফর্ম হস্তান্তর করবে এবং মৌখিকভাবে প্রয়োজনীয় দিক নিদের্শনা প্রদান করবে।

৫.৯ রেফারী কমিশন সেক্রেটারী সকল কোর্স, পরীক্ষা,ব্রিফিং এ উপস্থিত অংশগ্রহণকারী লাইসেন্সড রেফারীদের প্রয়োজনীয় তথ্য সংরক্ষিত রাখবে যা অবশ্যই কমিশন চেয়ারম্যান ও সেক্রেটারী কর্তৃক স্বাক্ষারিত হতে হবে।

৫.১০ প্রতিবার রেফারী গ্রেডেশন পরীক্ষা সমাপ্ত হলে পরবর্তী ১৫ কর্মদিবসের মধ্যে লাইসেন্সড রেফারীদের হাল নাগাদ তালিকা বাংলাদেশ কারাতে ফেডারেশনের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং এ সংক্রান্ত রেজিস্টার বাংলাদেশ কারাতে ফেডারেশনের কার্যালয়ে সর্বসাধারণের যাচাইয়ের প্রয়োজনে সংরক্ষণ করা হবে।

৫.১১ বাংলাদেশ কারাতে ফেডারেশনের লাইসেন্সড রেফারীদের তালিকা প্রতিবছর ১ বার বাংলাদেশ কারাতে ফেডারেশনের সকল কাউন্সিলর, জাতীয় ক্রীড়া পরিষদভূক্ত সকল জেলা ও বিভাগীয় ক্রীড়া সংস্থায় প্রেরণ করতে হবে।

৫.১২ বাংলাদেশ কারাতে ফেডারেশনের স্বীকৃত কোন চ্যাম্পিয়নশীপ আয়োজনে অবশ্যই বাংলাদেশ কারাতে ফেডারেশনের তালিকাভূক্ত রেফারী ব্যবহার করতে হবে। সেক্ষেত্রে আয়োজক সংস্থার অনুরোধে রেফারী কমিশন উক্ত চ্যাম্পিয়নশীপে রেফারীদের পারফর্মেন্স পর্যবেক্ষণ করার জন্য একজন সিনিয়র রেফারীকে মনোনয়ন করবে। অবশিষ্ট প্রয়োজনীয় রেফারী বাংলাদেশ কারাতে ফেডারেশনের এর হালনাগাদ তালিকা থেকে নিয়োগ করতে হবে। রেফারী ব্যবস্থাপনা সংক্রান্ত কোন সমস্যার উদ্ভব হলে আয়োজক সংস্থা বাংলাদেশ কারাতে ফেডারেশনের মনোনীত প্রতিনিধির সাথে পরামর্শক্রমে সমাধান করবে।বাংলাদেশ কারাতে ফেডারেশনের স্বীকৃত সকল চ্যাম্পিয়নশীপে আয়োজিত রেফারীদের জন্য আয়োজক সংস্থাকে নূন্যতম সম্মানীভাতা প্রদান করবে।

## ৬. রেফারী পরীক্ষার যোগ্যতা

৬.১ যেকোন বাংলাদেশী নাগরিক নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে বাংলাদেশ কারাতে ফেডারেশনের Referee Gradation পরীক্ষায় অংশ নিতে পারবে :

ক) জাতীয় পরিচয়পত্র দ্বারা নাগরিকত্বের প্রমাণ

খ) নূন্যতম বাংলাদেশ কারাতে ফেডারেশনের ১ম ড্যান

গ) ১ম ড্যান প্রাপ্তির পর নূন্যতম ৬ মাস অতিবাহিত হতে হবে।

ঘ) বয়স নূন্যতম ২১ হতে হবে।

ঙ) বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্ধারিত পরীক্ষা ফি প্রদান রশিদ থাকতে হবে।

৬.২ বাংলাদেশ কারাতে ফেডারেশনের Judge B লাইসেন্স পাস করার ৬ মাস পরে Judge A লাইসেন্স পরীক্ষা দেয়া যাবে। একইভাবে প্রতি ৬ মাস পরপর আপগ্রেডেশন পরীক্ষা দেয়া যাবে।

৬.৩ আঞ্চলিক পর্যায়ে রেফারী কোর্স বা পরীক্ষা আয়োজিত হলে ভিন্ন অঞ্চলের যে কেউ উক্ত পরীক্ষা বা কোর্সে অংশ নিতে পারবে। সেক্ষেত্রে আয়োজক সংস্থার সাথে যোগাযোগ করে রেজিস্ট্রেশন করতে হবে।

## ৭. সাধারণ নিয়মাবলী

৭.১ বাংলাদেশ কারাতে ফেডারেশনের এর আয়োজিত কোন চ্যাম্পিয়নশীপে রেফারী অফিসিয়াল হিসেবে দ্বায়িত্বরত কেউ অন্যকোন দ্বায়িত্ব পালন করতে পারবে না। তবে বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্বাহী কমিটি বিশেষ কোন নির্দেশে এই নিয়মে ব্যতিক্রম করা যেতে পারে।

৭.২ প্রতিযোগীতার সময় শৃংখলা রক্ষা করার দ্বায়িত্ব রেফারী কমিশন বা কোন রেফারীর নয়। WKF এর Competition Rules এ বর্ণীত দ্বায়িত্ব ও কর্মপ্রণালীর বাইরের শৃংখলা রক্ষাজনিত কোন দ্বায়িত্ব রেফারীদের নয়।

৭.৩ প্রতিযোগীতার সময় এবং তার আগে রেফারী কর্তৃক অফিসিয়াল পোশাক পরিহিত অবস্থায় কোন খেলোয়াড়,কোচ বা দলীয় কর্মকর্তাদের সাথে কোন প্রকার ব্যক্তিগত যোগাযোগ,ছবিতোলা গ্রহণযোগ্য নয়। এ ধরনের কাজ কঠোর শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করা হবে।

৭.৪ বাংলাদেশ কারাতে ফেডারেশনের এর লাইসেন্সড রেফারীবৃন্দ যেকোন প্রিন্ট মিডিয়া, সোশাল মিডিয়া,বা অন্যকোন যোগাযোগ মাধ্যমে বাংলাদেশ কারাতে ফেডারেশনের সংক্রান্ত কোন প্রশাসনিক বিষয়সহ কোন চ্যাম্পিয়নশীপের আয়োজন বা বিচার প্রক্রিয়া বা উপরোক্ত কোন বিষয়ে শৃংখলাভঙ্গজনিত ব্যাপারে কোন মন্তব্য করা বা লিখিত বক্তব্য দেয়া থেকে সর্বাবস্থায় বিরত থাকবে। উপরোক্ত যেকোন কাজ শৃংখলাভঙ্গ জনিত অপরাধ হিসেবে বিবেচিত হবে।

৭.৫ রেফারী কমিশনে তালিকাভূক্ত রেফারীদের আচরণবিধি সংক্রান্ত যেকোন বিধিমালা পরবর্তীতে বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্বাহী কমিটির অনুমোদন সাপেক্ষে সংযোজন ও বিয়োজনের ক্ষেত্রে অবশ্যই তা গণবিজ্ঞপ্তি আকারে ফেডারেশনের ওয়েবসাইটসহ ই-মেইল এর মাধ্যমে তালিকাভূক্ত রেফারীদের জানিয়ে দিতে হবে।

৭.৬ রেফারী কমিশনের কোন সদস্যের কর্মকান্ড কমিশনের ভাবমূর্তির জন্য ক্ষতিকারক হিসেবে মনে হলে রেফারী কমিশন চেয়ারম্যান উক্ত সদস্যকে প্রতিস্থাপিত করার ব্যাপারে বাংলাদেশ কারাতে ফেডারেশনের সাধারণ সম্পাদক বরাবর লিখিত প্রস্তাবনা দিবেন। বাংলাদেশ কারাতে ফেডারেশনের সাধারণ সম্পাদক উক্ত প্রস্তাবনার আলোকে নতুন সদস্য প্রতিস্থাপন করতে পারবেন। একের অধিক সদস্য প্রতিস্থাপন করতে হলে বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্বাহী কমিটির অনুমোদন নিতে হবে।

৭.৭ প্রতিযোগীতা শুরুর আগে Tatami Manager এর কাছে রেফারী কমিশনের পক্ষ থেকে রেফারীর তালিকা প্রদান করা হবে যেখানে রেফারীদের নিম্নলিখিত তথ্যাবলী থাকবে :

- নাম
- গ্রেড
- জেলা
- কোন সংস্থার সাথে খেলোয়াড় বা কোচ বা কর্মকর্তা হিসেবে অতীতে জড়িত থাকলে তার তথ্য

৭.৮ রেফারী গ্রেডেশন পরীক্ষার সময় আবেদন ফর্মে পরীক্ষার্থী তার নিজের ব্যাপারে নিম্নলিখিত তথ্য প্রদান করবে :

- খেলোয়াড় হিসেবে কোন জেলা বা বিভাগীয় ক্রীড়া সংস্থার হয়ে অতীতে অংশ নিয়ে থাকলে
- খেলোয়াড় হিসেবে কোন সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্ত্বশাসিত সংস্থা বা কোন বাহিনীর হয়ে অতীতে অংশ নিয়ে থাকলে
- প্রশিক্ষক ও কর্মকর্তা হিসেবে কোন জেলা /বিভাগীয় ক্রীড়া সংস্থা বা কোন সরকারি, আধা-সরকারি,স্বায়ত্ত্বশাসিত কোন সংস্থা বা বাহিনীর হয়ে দ্বায়িত্ব পালন করেছেন কিনা

রেফারী কমিশন সেক্রেটারী চ্যাম্পিয়নশীপের পূর্বে উপরোক্ত তথ্যসমূহ সন্নিবেশিত করে চূড়ান্ত তালিকা Tatami Manager এর কাছে হস্তান্তর করবে।

৭.৯ এছাড়া কোন প্রতিযোগীর সাথে কোন বাউটে দ্বায়িত্বরত কোন জাজ, রেফারী,স্কোর কিপার ও টাইমকিপারের সাথে কোন প্রকার রক্ত সম্পর্ক বা অতীত ও বর্তমান কোন সম্পর্ক থেকে থাকলে উক্ত অফিসিয়াল স্ব-প্রণোদিতভাবে Tatami Manager কে জানাবে এবং Tatami Manager উক্ত অফিসিয়ালকে অন্য একজন দিয়ে প্রতিস্থাপিত করবেন। এটা

জানানো একজন রেফারীর নৈতিক দায়িত্ব।

৭.১০ উপরোক্ত ৭.৮ ও ৭.৯ নং অনুচ্ছেদে বর্ণিত তথ্যাবলী সততার সাথে প্রদান করাকে রেফারীদের নৈতিক দায়িত্ব ও প্রথাসিদ্ধ আচরণ হিসেবে প্রত্যাশিত। যেকোন প্রকার তথ্য গোপন করা বা মিথ্যা তথ্য প্রদান করাকে সংশ্লিষ্ট রেফারীর নৈতিক স্খলন হিসেবে বিবেচিত হবে এবং রেফারী কমিশন এ ব্যাপারে প্রযোজ্য সংশোধনমূলক বা শাস্তিমূলক ব্যবস্থা নিতে পারবে।

৭.১১ সকল রেফারী এবং জাজরা প্রতি বছর বাংলাদেশ কারাতে ফেডারেশনের নির্বাহী কমিটি কর্তৃক নির্ধারিত ফি প্রদান পূর্বক তাদের লাইসেন্স নবায়ন করবে।

৭.১২ বাংলাদেশ কারাতে ফেডারেশনের আয়োজিত সকল চ্যাম্পিয়নশীপের আগে উক্ত চ্যাম্পিয়নশীপে অংশগ্রহণেচ্ছুক রেফারী ও জাজগণ তাদের লাইসেন্স রেকর্ডবুক কমিশনের সেক্রেটারীর নিকট জমা দিবে। কমিশন সেক্রেটারী চ্যাম্পিয়নশীপ শেষে রেকর্ডবুক হালনাগাদ করে সীল ও স্বাক্ষর প্রদান করে পুনরায় ফেরত দিবে।